



ধর্ষণ মামলায় কারাগারে এনসিপি নেতা



জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জেলা যুগ্ম আহ্বায়ক শৈক্যসিং মারমা। ছবি: সংগৃহীত

বান্দরবানে নিজের পরিচালিত রিসোর্টে এক নারীকে ধর্ষণের অভিযোগে করা মামলায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জেলা যুগ্ম আহ্বায়ক শৈক্যসিং মারমাকে গ্রেপ্তার করেছে পুলিশ। পরে আদালতের মাধ্যমে তাঁকে জেলা কারাগারে পাঠানো হয়েছে।

শুক্রবার (১৬) রাতে সদর উপজেলার মধ্যমপাড়ার বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। এর আগে ওই নারী সদর থানায় মামলা করেন বলে জানিয়েছেন থানার পরিদর্শক (তদন্ত) কামরুল ইসলাম।

মামলার এজাহার অনুযায়ী, পাঁচ বছর আগে বিবাহবিচ্ছেদ হওয়া ওই নারীর সঙ্গে বিয়ের আশ্বাস দিয়ে সম্পর্ক গড়েন শৈক্যসিং। গত পাঁচ মাসে নিজের পরিচালিত ‘সাইনি রিসোর্টে’ নিয়ে তাঁকে একাধিকবার ধর্ষণের অভিযোগ করা হয়েছে।

এজাহারে আরও বলা হয়, শুক্রবার রিসোর্টে ওই নারীকে ধর্ষণের পর বিয়ের বিষয়ে কথা উঠলে শৈক্যসিং বিয়ে করতে অস্বীকৃতি জানান। এ নিয়ে দুজনের মধ্যে কথা-কাটাকাটি ও শারীরিক নির্যাতনের অভিযোগ রয়েছে। একপর্যায়ে আশপাশের লোকজন চিৎকার শুনে রিসোর্টে এলে তিনি ওই নারীকে ধাক্কা দিয়ে পালিয়ে যান।

স্থানীয় বাসিন্দারা জানান, রিসোর্ট থেকে ওই নারীর কান্নার শব্দ শুনে তাঁরা সেখানে যান। পরে তাঁকে পুলিশের কাছে যাওয়ার পরামর্শ দেওয়া হয়।

এ বিষয়ে জেলা এনসিপির আহ্বায়ক মংসাপ্র চৌধুরী বলেন, ঘটনাটি নিয়ে দল বিব্রত। দলের গঠনতন্ত্র ও কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী অভিযুক্ত নেতার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।